



**বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়**

স্মারক নম্বর- ১৭.০০.০০০০.০৮৩.২৭.০৩৫.২৩-৫৪

তারিখঃ ২৪ বৈশাখ ১৪৩১  
০৭ মে ২০২৪

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব ফারহানা বিলকিস (১০৯১৬০২০), সহকারী সচিব (সাময়িক বরখাস্তকৃত), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রান্তিক: থানা নির্বাচন অফিসার, ধানমন্ডি, ঢাকা) এর বিবুক্তে নিয়ম বহির্ভূতভাবে একটি জাতীয় পরিচয়পত্র সংশোধনের অভিযোগ দায়ের করা হয়;

যেহেতু, তিনি আবেদন ঘথা নিয়মে যাচাই না করেই তার ইউজার আইডি (farhana\_bilkis) হতে জাতীয় পরিচয়পত্র সংশোধনের আবেদন অনুমোদন করতঃ দায়িত্বে অবহেলার পরিচয় দিয়েছেন;

যেহেতু, তার এরূপ কার্য শৃঙ্খলার পরিপন্থি হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগে তার বিবুক্তে বিভাগীয় মামলা নং-১১/২০২৩ রুজু করা হয়;

যেহেতু, বিভাগীয় কার্যধারায় তাকে কারণ দর্শনো হলে তিনি লিখিত জবাব প্রদান করেন এবং ১৯-১১-২০২৩ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি কারণ দর্শনোর জবাব ও ব্যক্তিগত শুনানিতে তার বিবুক্তে আনীত অভিযোগ অস্থীকার করায় ন্যায় বিচারের স্বার্থে বিভাগীয় মামলাটি তদন্তের প্রয়োজনীয়তা থাকায় তদন্ত বোর্ড নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্ত বোর্ডের নিকট তার কোনো অসৎ উদ্দেশ্য পরিলক্ষিত হয়নি এবং তার বিবুক্তে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত হয়নি;

সেহেতু, জনাব ফারহানা বিলকিস (১০৯১৬০২০), সহকারী সচিব (সাময়িক বরখাস্তকৃত), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রান্তিক: থানা নির্বাচন অফিসার, ধানমন্ডি, ঢাকা) এর বিবুক্তে আনীত “অসদাচরণ” এর অভিযোগ তদন্তে প্রমাণিত না হওয়ায় নথি পর্যালোচনা ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(২)(ক) অনুযায়ী বিভাগীয় মামলায় আনীত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদানসহ সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার পূর্বক বিভাগীয় মামলা নং-১১/২০২৩ নিষ্পত্তি করা হলো। তার সাময়িক বরখাস্তকাল কর্মকাল হিসাবে গণ্য হবে। তিনি বিধি মোতাবেক বকেয়াসহ বেতন-ভাত্তাদি প্রাপ্ত্য হবেন।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মোঃ জাহাঙ্গীর আলম  
সচিব

স্মারক নম্বর- ১৭.০০.০০০০.০৮৩.২৭.০৩৫.২৩-৫৪

তারিখঃ ২৪ বৈশাখ ১৪৩১  
০৭ মে ২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যোতিত ভিত্তিতে নয়):

- ০১। অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০৩। যুগ্মসচিব.....(সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০৪। মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনসিটিউট, আগারগাঁও, ঢাকা
- ০৫। সিলেক্ট ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

(১/২)

অফিসের ঠিকানা :

নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগ :

ফোন : +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স : +৮৮০-০২-৫৫০০৭৫১৫

ই-মেইল : secretary@ecs.gov.bd ওয়েব এড্রেস : www.ecs.gov.bd



বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়

- ০৬। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা  
০৭। উপসচিব .....(সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা  
০৮। সিনিয়র জেলা নির্বাচন অফিসার, ঢাকা  
০৯। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা [বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ]  
১০। চিফ একাউন্টেস এন্ড ফিন্যান্স অফিসার, সি এন্ড এজি, পিএসসি ও নির্বাচন কমিশন সচিবালয় ভবন (৩য় ফেজ), সেগুনবাগিচা, ঢাকা  
১১। উপসচিব (চ.দা.) (হিসাব), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা  
১২। মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর  
সদয় অবগতির জন্য)  
১৩-১৬। মাননীয় নির্বাচন কমিশনারগণের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনারগণের সদয়  
অবগতির জন্য)  
১৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)  
১৮। সহকারী সচিব (জনবল ব্যবস্থাপনা-১), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [জনাব ফারহানা বিলকিস (১০৯১৬০২০), সহকারী  
সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা এর ব্যক্তিগত নথিতে সংরক্ষণের অনুরোধসহ]  
১৯। জনাব ফারহানা বিলকিস (১০৯১৬০২০), সহকারী সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

১৫০.২৪  
মোহাম্মদ আল-মামুন  
সিনিয়র সহকারী সচিব সি.সি (শৃঙ্খলা)  
ফোনঃ ০২-৫৫০০৭৪৫৮  
ইমেইলঃ sas\_dis@ecs.gov.bd

(২/২)

অফিসের ঠিকানা :

নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগ :

ফোনঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্সঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫  
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এডেসঃ www.ecs.gov.bd